

২৬১৪ খ্রি

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৯, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজাপন

তারিখ, ২৯ আষাঢ় ১৪১৮ বঙ্গাব্দ/১৩ জুলাই ২০১১ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৪৬-আইন/২০১১।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

- ১। শিল্পোনামা।—এই বিধিমালা যৌথমূলধন কোম্পানী ও কার্মসমূহের পরিদণ্ডনের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না ধাকিলে, এই বিধিমালায়—
 - (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;
 - (খ) “ডিপ্রী” বা “সার্টিফিকেট” অর্থ, ক্ষেত্রমত, কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনসিটিউট বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিপ্রী বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং, এই বিধিমালার উদ্দেশ্য প্রৱন্ধকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিপ্রী বা সার্টিফিকেটের সম্মানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
 - (গ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
 - (ঘ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(১০৫২১)
মূল্য : টাকা ৬.০০

- (৬) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত পদ;
- (৭) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;
- (৮) “বাছাই কমিটি” অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি;
- (৯) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (১০) “শীক্ষিক বিশ্ববিদ্যালয়”, “শীক্ষিক বোর্ড” বা “শিক্ষা প্রতিষ্ঠান” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত, যথাক্রমে, কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা শিক্ষা প্রতিষ্ঠান এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিয়ুক্তিপ্রাপ্তি নিয়োগদান করা যাইবে, যথা :

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি উক্ত পদে নিয়োগলাভের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগলাভের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডিমিসাইল না হন; অথবা
- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির—

- (ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভের যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যায়াম সৃষ্টি করিতে পারে; এবং
- (খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত ও যাচাই না হইয়া থাকে অথবা উক্তরূপ তদন্ত বা যাচাইয়ের ক্ষেত্রে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে, স্থায় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন ব্যক্তিকে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে কমিশনের সুপারিশ গ্রহণ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) কোন স্থায়ী শূল্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য।

শিক্ষানবিসি হিসাবে নিয়োগ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসির শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃক্ষি করিতে পারিবে যাহাতে বর্ণিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদেন্তির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদেন্তি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে উহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি—

(ক) এইমর্যে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; অথবা

(খ) মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদেন্তির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদেন্তি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রাহিতকরণ ও হেফাজত।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে—

(ক) The Gazetted Officers (Registrar of Joint Stock Companies) Recruitment Rules, 1984; এবং

(খ) The Office of the Registrar of Joint Stock Companies (Non-Gazetted Employees) Recruitment Rules, 1984,—

অতঃপর রাহিত বিধিমালাদ্বয় বলিয়া উল্লিখিত, এতদ্বারা রাহিত হইবে।

(২) রাহিত বিধিমালাদ্বয়ের অধীন নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৩) রাহিত বিধিমালাদ্বয়ের অধীন গৃহীত বা কৃত সকল কার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত কার্য বলিয়া গণ্য হইবে।

(৪) এই বিধিমালা প্রবর্তনকালে রহিত বিধিমালাদ্বয়ের অধীনে গৃহীত কোন কার্যধারা অনিষ্টন্ত থাকিলে উহা উক্ত রহিত বিধিমালাদ্বয়ের অধীনেই এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

তত্ত্বসিল

[বিধি ২(গ) মুষ্টিব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগের পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	রেজিস্ট্রার	..	প্রেষণে বদলীর মাধ্যমে	সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা।
২।	ডেপুটি রেজিস্ট্রার	..	পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূন্য পদসমূহ প্রেষণে বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> (ক) সহকারী রেজিস্ট্রার পদে অন্যন ৮(আট) বৎসরের চাকুরী; এবং (খ) কোন বীকৃত বিশ্বিদ্যালয় হইতে অন্যন বিভীত শ্রেণীতে স্নাতক ডিপ্লী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তা।
৩।	সহকারী প্রোগ্রামার	The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
৪।	সহকারী রেজিস্ট্রার	৩০ বৎসর	(ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> (ক) এক্সামিনার অব একাউন্টস, ইলিপেষ্টের বা স্টাটিস্টিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যন ৭(সাত) বৎসরের চাকুরী; এবং (খ) কোন বীকৃত বিশ্বিদ্যালয় হইতে স্নাতক ডিপ্লী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন বীকৃত বিশ্বিদ্যালয় হইতে অন্যন বিভীত শ্রেণীতে স্নাতকোত্তর ডিপ্লী, তবে উল্লিখিত ডিপ্লীসহ এলএলবি ডিপ্লীধারী প্রার্থীগণ অঙ্গাধিকার প্রাপ্ত হইবেন।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৫।	এক্সামিনার অব একাউন্টেস	৩০ বৎসর	(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূল্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> প্রধান সহকারী, উচ্চমান সহকারী বা একাউন্টেন্ট পদে অন্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যন বিভায় শ্রেণীতে স্নাতক ডিগ্রী।
৬।	ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ার	৩০ বৎসর	(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূল্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> প্রধান সহকারী, উচ্চমান সহকারী বা একাউন্টেন্ট পদে অন্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যন বিভায় শ্রেণীতে স্নাতক ডিগ্রী।
৭।	স্টেলিপিকার কাম কম্পিউটার অপারেটর		(ক) Stenographers and Stenotypists (Ministries, Divisions And Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; এবং (খ) সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮ জুন, ২০০৯ তারিখের সম (সও-২)-০১/২০০৯-১৭৪ নম্বর অফিস স্মারক অনুযায়ী মুদ্রাকর যন্ত্রের পরিবর্তে Computer ব্যবহারের ক্ষেত্রে Word Processing, data entry ও typing-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০টি এবং ইংরেজীতে ২৫টি শব্দের গতি।	
৮।	কম্পিউটার অপারেটর		The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।	
৯।	প্রধান সহকারী	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূল্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> রেকর্ড কিপার বা জুনিয়র এসিস্টেন্ট (অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাকরিক) পদে অন্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১০।	একাউন্টেন্ট	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে : তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূল্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> কাশিয়ার পদে অন্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> (ক) কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১১।	রেকর্ড কিপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(খ) রেকর্ড সংরক্ষণে অনুন ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p>
১২।	জুনিয়র এসিস্টেন্ট (অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)	৩০ বৎসর	<p>(ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং</p> <p>(খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে :</p> <p>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রাপ্তী পাওয়া না গেলে, শূল পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।</p>	<p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>(ক) এম.এল.এস.এস পদে চাকুরী।</p> <p>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(গ) সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮ জুন, ২০০৯ তারিখের সম (সওব্য-২)-০১/২০০৯-১৭৪ নম্বর অফিস স্মারক অনুযায়ী Computer ব্যবহারের ক্ষেত্রে Word Processing, data entry ও typing-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ১৫টি এবং ইংরেজীতে ২০টি শব্দের গতি।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(খ) সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮ জুন, ২০০৯ তারিখের সম (সওব্য-২)-০১/২০০৯-১৭৪ নম্বর অফিস স্মারক অনুযায়ী Computer ব্যবহারের ক্ষেত্রে Word Processing, data entry ও typing-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ১৫টি এবং ইংরেজীতে ২০টি শব্দের গতি।</p>
১৩।	ক্যাশিয়ার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণ।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৪।	এম.এল.এস. এস	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৫।	মৈশ প্রহরী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী পাস।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম হোসেন
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

ডেজন্সাও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd